11 NOV 2026
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

স্মারক নং- ৩৭.০১.০০০০.০০২.৪৫.২৫.০১/২৩৩৭ DR(Admin-3) 11 NOV 2026 তারিখ: ২১ কার্তিক ১৪৩৩ / ৫ নভেম্বর, ২০২৬

বিষয়: বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি (UGC Overseas Masters/M.Phil/PhD Scholarship for University Teachers) ২০২৬ এর জন্য দরখাস্ত আহ্বান।

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত "ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি (UGC Overseas Masters/M.Phil/PhD Scholarship for University Teachers) নীতিমালা ২০২৫" এর আলোকে বিদেশি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণেচ্ছুক সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি বিজ্ঞপ্তি ও নীতিমালা এতদসঙ্গে প্রেরণ করা হলো। আপনার প্রতিষ্ঠানে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

২। এমতাবস্থায়, আগ্রহী প্রার্থী কর্তৃক নীতিমালা অনুসরণপূর্বক অনলাইনে আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাকৃত তথ্যাদির হার্ডকপি (স্পাইরাল বাইন্ডিংকৃত) আগামী ২৫-১২-২০২৬ তারিখের মধ্যে **পরিচালক, আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি প্রোগ্রামের অনলাইনে আবেদনের জন্য ফরম, বিজ্ঞপ্তি ও নীতিমালাসহ প্রয়োজনীয় তথ্যাদি কমিশনের ওয়েবসাইট www.ugc.gov.bd-এর "আন্তর্জাতিক সহযোগিতা, বৃত্তি এবং ফেলোশিপ" সেবাবক্সে প্রদত্ত লিংকে পাওয়া যাবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৫.১১.২০২৬

ড: সুলতান মাহমুদ ভূঁইয়া
পরিচালক
ইন্টারন্যাশনাল কোলাবোরেশন বিভাগ
টেলিফোন:- ৫৮১৬০১০৯
ই-মেইল- sultan@ugc.gov.bd

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৪৯৮০৪ - সি তারিখ: ২৮/১৪৩৩ বঙ্গাব্দ / ২৪/১১/২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো:

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

বিভাগ/ইনস্টিটিউট-এর সকল শিক্ষকবৃন্দকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৪. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
৫. টেকনিক্যাল অফিসার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (ই-মেইলে কপি প্রেরণ করুন)।

আগ্রহী প্রার্থীদের বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নীতিমালা অনুসরণ করে অনলাইনে আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাকৃত তথ্যাদির হার্ডকপি (স্পাইরাল বাইন্ডিংকৃত) স্ব স্ব বিভাগের চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকের মাধ্যমে আগামী ১৭-১২-২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে।

২৪/১১/২০২৬

মুহাম্মদ আহসানুল কবির